

এনইউবি দেশের প্রথম ডিজিটাল ইউনিভার্সিটি

যুগান্তর রিপোর্ট

বেপরকারি নির্দান ইউনিভার্সিটি বাংলাদেশ (এনইউবি) দেশের প্রথম 'ডিজিটাল ইউনিভার্সিটি' হিসেবে আত্মপ্রকাশ করেছে। এ আত্মপ্রকাশ উপলক্ষে সোমবার এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। দু'পর্বের এ অনুষ্ঠানে উদ্বোধনী পর্বে প্রধান অতিথির বক্তৃতা করেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল্লাহ মামুন। বিকালে দ্বিতীয় পর্বে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মনিউর রহমান।

অনুষ্ঠানে বুয়েটের অধ্যাপক ও কম্পিউটার বিভাগীয় ড. এম কায়ুমুল হক, কম্পিউটার বিশেষজ্ঞ মোস্তাফা জব্বার, এনইউবি ট্রাস্টের চেয়ারম্যান অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আবদুল্লাহ প্রমুখ বক্তৃতা করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এনইউবির ভারপ্রাপ্ত জিসি অধ্যাপক ড. এ ডব্লিউ এম আবদুল হক।

ড. মনিউর রহমান বলেন, একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় তথ্যপ্রযুক্তি সমৃদ্ধ ও উচ্চশিক্ষিত জাতি গঠনে এনইউবির অবদান প্রশংসনীয়। ইউজিসি চেয়ারম্যান বলেন, বিশ্ববিদ্যালয়ের গুণগত মান নিশ্চিতকরণে ইউজিসি সদা সচেষ্ট। এ প্রেক্ষাপটে এ বিশ্ববিদ্যালয়ের ডিজিটালাইজেশন অবশ্যই প্রশংসার দাবিদার। অধ্যাপক ড. আবু ইউসুফ মো. আবদুল্লাহ বলেন, ডিজিটালাইজেশনের ধারাবাহিকতায় নির্দানের অগ্রযাত্রায় সবার সহযোগিতা কাম্য। সেমিনারে উপস্থিত ছিলেন এনইউবির প্রোভিসি অধ্যাপক ড. আনোয়ারুল করীম, ট্রেজারার মো. আনোয়ার হোসাইন, রেজিস্ট্রার লে. কর্নেল (অব.) একতেন্দার আহমদ সিদ্দিকীসহ বিভিন্ন অনুষ্ঠানের ডিন, বিভাগীয় প্রধান ও শিক্ষক-শিক্ষার্থীরা।